

সেট কোডের ভুলে অনুত্তীর্ণ যারা

সেট কোডের ভুলে এবারের এসএসসি পরীক্ষায় স্তার মার্ক পেয়েও বহুসংখ্যক ছাত্রছাত্রী উত্তীর্ণ হতে পারেনি। ফলে বিপুল সংখ্যক ছাত্রছাত্রী ও অভিভাবক এক অসহনীয় সঙ্কটে পড়েছেন।

সন্দেহ নেই সেট কোডের ব্যবস্থা একটি আধুনিক ব্যবস্থা। এর আগে পরীক্ষার যাবতীয় ট্যাবুলেশন ব্যবস্থা ছিল ম্যানুয়াল। হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা দিন-রাত পরিশ্রম করে পরীক্ষার্থীদের সকল বিষয়ের নম্বর যোগ করে, রেজাল্ট শীট তৈরি করতেন। এতেও যে পরীক্ষার ফলাফল সম্পূর্ণ নির্ভুল হত তাও নয়। অনুত্তীর্ণ ঘোষিত বহু ছাত্রছাত্রী নম্বর ভুলে দেখতে পেয়েছে, তারা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, কিংবা উন্নতন বিভাগে উত্তীর্ণ হয়েছে। সে ভুল বোর্ড কর্তৃপক্ষ শুধরে দিয়েছেন। ছাত্রছাত্রীরা ন্যায়বিচার থেকে বঞ্চিত হয়নি।

গত দু বছর ধরে পরীক্ষার ট্যাবুলেশনের ক্ষেত্রে ম্যানুয়াল পদ্ধতি বীতিল করে কম্পিউটার পদ্ধতিতে ট্যাবুলেশন করা হচ্ছে। পরীক্ষার চূড়ান্ত ফলাফল কম্পিউটার পদ্ধতিতে নিরূপণের ফলে ভুল-ভ্রান্তি হ্রাস পাবার সম্ভাবনাই বেড়েছে। এছাড়া কখনও ট্যাবুলেশনের ক্ষেত্রে যে দুর্নীতির অভিযোগ উত্থাপিত হতো তাও দূরীভূত হয়েছে।

কম্পিউটার ব্যবস্থায় সেট কোডের ভুলের জন্য পরীক্ষায় অনুত্তীর্ণ হওয়ার ব্যাপারে অভিভাবকদের অভিযোগ হচ্ছে বোর্ড কর্তৃপক্ষ ও কক্ষ পরিদর্শকরাই এর জন্য দায়ী। এ অভিযোগের সত্যাসত্য যাচাই আমাদের উদ্দেশ্য নয়। সেট কোড কীভাবে দিতে হয় সে সম্পর্কে পরীক্ষার্থীদেরও প্রশিক্ষণ দেয়া হয়। তা সত্ত্বেও তরুণ পরীক্ষার্থীদের কোন ভুল হতে পারে না, এমন মনে করার কারণ নেই। সে ভুল প্রশ্নোত্তরে নয়, সে ভুল সেট কোড নির্ধারণের। এই ভুল কি সত্যি সত্যি ক্ষমার অযোগ্য?

আমরা মনে করি, পরীক্ষার প্রশ্নোত্তর, সেট কোড মার্কিং প্রভৃতি খুঁটিনাটি বিষয়ে পরীক্ষার্থীকে নিশ্চয়ই সতর্ক থাকতে হবে। কিন্তু সেট কোডের ভুলের জন্য এবার যেসব পরীক্ষার্থী পাস করেও উত্তীর্ণ হতে পারেনি, তাদের বিষয়টি মানবিক দৃষ্টিকোণ থেকে বিবেচনা করা উচিত। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের বাতার নম্বরগুলো পুনরায় কোন ট্যাবুলেটরের সাহায্যে যোগ করে ফল প্রকাশ করা যেতে পারে অথবা সেট কোড সংশোধন করে পুনরায় কম্পিউটারের মাধ্যমেই তার পরীক্ষার ফলাফল প্রকাশ করা যায়। এতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের অহেতুক একটি বছর নষ্ট হয় না এবং অভিভাবকগণও উদ্বেগ-উৎকর্ষা ও হতাশা থেকে রেহাই পেতে পারেন। বিষয়টি আমরা মানবিক দিক থেকে বিবেচনার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানাই।